# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

## টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নং - চবক/ টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭ তারিখ ঃ ০৯/০৫/২০২০ খ্রীঃ

বরাবর
সভাপতি
বিজিএমইএ
বিজিএমইএ কমপ্লেক্স,
হাউস # ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-১,
উত্তরা, ঢাকা - ১২৩০।

বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রার্দুভাবের সময়ে করোনা ভাইরাস (কভিড-১৯) প্রতিরোধকল্পে এতদ্‌সংক্রান্ত বিশ্ব স্বাস্থ্য সংস্থা, স্বাস্থ্য মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থাসমূহ কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনপূর্বক উদ্ভুত পরিস্থিতি বিবেচনায় চট্টগ্রাম বন্দর থেকে আপনাদের সদস্যভূক্ত বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সূত্রঃ ১। পরিচালক (ট্রাফিক), চবক দপ্তরের বিজ্ঞপ্তি নং-০৬/২০২০, তারিখ-২৭/০৪/২০২০ ইং।
২। পরিচালক (ট্রাফিক), চবক দপ্তরের বিজ্ঞপ্তি নং-০৬/২০২০, তারিখ-০৫/০৫/২০২০ ইং।
৩। অত্র দপ্তরের পত্র নং- চবক/ টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭; তারিখ ঃ ১৫/০৪/২০০২০ খ্রীঃ ও ২৫/০৪/২০২০ খ্রীঃ

বিষয়ঃ করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ ও বিস্তার প্রতিরোধে সরকার কর্তৃক গৃহীত সতর্কতামূলক পদক্ষেপ এর পরিপ্রেক্ষিতে আমদানী-রপ্তানীকারকগণকে প্রণোদনা প্রদানের উদ্দেশ্যে চট্টগ্রাম বন্দরে অবতরণকৃত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো ১৬/০৫/২০২০ইং তারিখের মধ্যে ডেলিভারী গ্রহণ করা হলে উক্ত কন্টেইনার/কার্গোর স্টোররেন্ট শতভাগ (১০০%) মওকুফ করায় দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

বর্ণিত বিষয়ে সূত্রোক্ত বিজ্ঞপ্তি সমূহের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরে অবতরণকৃত যে সকল এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো ০৪(চার) দিন ফ্রি টাইম সরকার ঘোষিত সাধারণ ছুটি অর্থাৎ ২৬/০৩/২০২০ ইং তারিখ বা তারপর শেষ হয়েছে উক্ত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো সমূহের স্টোররেন্ট শতভাগ (১০০%) মওকুফের মেয়াদ ১৬/০৫/২০২০ ইং তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বিভিন্ন জাহাজে করে আমদানীকারকদের অনুকূলে চট্টগ্রাম বন্দরে যে পরিমাণ এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো আসছে সে অনুযায়ী কন্টেইনার/কার্গো ডেলিভারী হচ্ছে না। অদ্য ০৯/০৫/২০২০ ইং তারিখে চট্টগ্রাম বন্দরে ৪৪৬০৬ টিইইউএস কন্টেইনার স্থিত রয়েছে। পাশাপাশি বন্দরের বিভিন্ন সিএফএস-এ বিজিএমই ও বিকেএমই সদস্যদের ধারণ ক্ষমতার দ্বিগুণ গার্মেন্টস্ ও গার্মেন্টস্ সংশ্লিষ্ট পণ্য ডেলিভারীর অপেক্ষায় আছে। এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো দ্রুত চট্টগ্রাম বন্দর থেকে দ্রুত খালাস করা না হলে ক্যাপাসিটির অতিরিক্ত এফসিএল/এলসিএল কন্টেইনার ও পণ্য সংরক্ষণের ফলে বন্দরে কন্টেইনার/কার্গো জটের সৃষ্টি হতে পারে। করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী আকারে ছড়িয়ে পড়ায় বর্তমানে চট্টগ্রাম বন্দর থেকে আমদানীকৃত এফসিএল ও এলসিএল পণ্য ডেলিভারী খুবই কম হচ্ছে। প্রচুর পরিমাণ এলসিএল কার্গো সিএফএস শেডসমূহে পড়ে আছে। যার দরুন নতুন করে কোন এলসিএল কন্টেইনার আনস্টাফিং করা সম্ভব হচ্ছে না। আপনাদের সদস্যবৃন্দকে এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী গ্রহণ করার ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা দেয়া না হলে বন্দরের জাহাজ ও কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রমে নেতিবাচক প্রভাব পড়বে এবং এর দায় দায়িত্ব আপনাদের কে বহন করতে হবে। একইভাবে এফসিএল কন্টেইনারসমূহ দ্রুত ডেলিভারী গ্রহণ করা না হলে চট্টগ্রাম বন্দরে এফসিএল কন্টেইনার এর জট সৃষ্টি হচ্ছে তাই আপনাদের সদস্যবৃন্দকে এফসিএল কন্টেইনার দ্রুত ডেলিভারী গ্রহণ করার ব্যবস্থা গ্রহণে সহযোগীতা প্রদানের অনুরোধ করা যাচ্ছে। চট্টগ্রাম বন্দরের চলমান কন্টেইনার জট নিরসনের লক্ষ্যে আগামী ১৬/০৫/২০২০ইং তারিখের মধ্যে উক্ত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গোসমূহ খালাস না করা হলে **The Regulation For Working at Chittagong Port (Cargo & Container), 2001 এর ধারা 160** অনুযায়ী দন্ডভাড়া আদায়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বাধ্য হবে।

এমতাবস্থায়, করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ ও বিস্তার প্রতিরোধে সরকার কর্তৃক গৃহীত সতর্কতামূলক পদক্ষেপ এর পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম বন্দরে অবতরণকৃত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো উক্ত সময়ের মধ্যে দ্রুত ডেলিভারী নেওয়ার জন্য অনুরোধ করা গেল। চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠ, স্বাভাবিক ও গতিশীল রাখার স্বার্থে আপনাদের সহযোগীতা একান্ত কাম্য।

বিষয়টি অতীব জরুরী।

টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ
১। একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। একান্ত সচিব, নৌ পরিবহন সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। একান্ত সচিব, বাণিজ্য সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৬। কমিশনার অব কাস্টমস, চট্টগ্রাম কাস্টম হাউস এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৭। পরিচালক (প্রশাঃ), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৮। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৯। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন (২য় তলা), ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল
১০। ১ম সহ-সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ রিজিওনাল অফিস, বিজিএমইএ ভবন, লেভেল-৪ ও ৫, ৬৬৯/ই, ঝাউতলা রোড, দঃ খুলশী, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১১। সভাপতি, বিকেএমইএ,২৩৩/১, বি বি রোড প্রেস ক্লাব ভবন (১ম ও ৩য় তলা),নারায়ণগঞ্জ-১৪০০, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১২। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি,আগ্রাবাদ, চট্টগ্রাম- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১৩। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম চেম্বার অব কমার্স বিল্ডিং, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১৪। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম-অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১৫। সভাপতি, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১৬। পি এ টু চেয়ারম্যান; চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

০৯/০৫/২০২০

০৯/০৫/২০২০
টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

Scanned with CamScanner